

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (প্রথম সভা)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক (যুগ্মসচিব)
সভার তারিখ	৩০ নভেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় পঞ্চগড় জেলার ইজারাপ্রত্যাশী ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।


২.০ সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। বিএমডি যে সকল সেবা প্রদান করে থাকে তা মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বিএমডি প্রদত্ত সেবাকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা এই ০৩ ভাগে ভাগ করা হয়েছে। নাগরিক সেবাসমূহ হচ্ছে অনুসন্ধান লাইসেন্স প্রদান, খনি ইজারা প্রদান, কোয়ারি ইজারা প্রদান। এই সেবাসমূহ কিভাবে প্রদান করা হয়, সেবা পেতে কত দিন সময় লাগে, কোন সেবা কোন কর্মকর্তা প্রদান করে তা বিস্তারিতভাবে উল্লেখ রয়েছে।

৩.০ দেশে প্রাপ্ত খনিজ সম্পদের (তেল ও গ্যাস ব্যতীত) সুষম ব্যবহার ও উত্তোলন ব্যবস্থাপনা আরও আধুনিকায়নের জন্য সরকার খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ প্রণয়ন করেছে। খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণ করে খনি কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া আমাদের সীমিত খনিজ সম্পদ অপচয় রোধ ও সুষ্ঠু ব্যবহারের বিষয়ে সকলকে অনুরোধ করা হয়। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদানের সাথে জড়িত সেহেতু নাগরিক সেবাকে আরো অধিকতর সহজ করার জন্য বিএমডি কর্তৃক প্রদত্ত সেবাকে ই-সেবাই রূপান্তর করা হয়েছে। বিএমডি কর্তৃক অভ্যন্তরীণ ই-সেবার অংশ হিসাবে একটি ওয়েব বেইজ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভ তৈরি করা হয়। এর ফলে নাগরিক কর্তৃক খনিজ সম্পদ সংক্রান্ত তথ্য এক নজরে ও সহজেই জানা সম্ভব হচ্ছে।

সিদ্ধান্ত :

১. বিএমডি প্রদত্ত সেবাকে যে ই-সেবায় রূপান্তর করা হয়েছে সে বিষয়ে গেজেটভুক্ত বিভিন্ন জেলার কোয়ারি এলাকায় অবহিত করতে হবে।
২. পর্যায়ক্রমে গেজেটভুক্ত বিভিন্ন জেলার কোয়ারি এলাকার ইজারাগ্রহীতাদের নিয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৫৫৪

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৭) পঞ্চগড় জেলা সেবাগ্রহীতা/ইজারাপ্রত্যাশী (সকল) জনাব.....;
- ৮) পি.এ টু মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৯) সংশ্লিষ্ট নথি/মাস্টার কপি।



মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)